F:\New folder\ALL ADMIN\কমিটির প্রতিবেদন\কমিটি গঠন\অফিস আদেশ 12.doc

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

*(পেট্রোবাংলা'র একটি কোম্পানি)*

# BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.

**(A COMPANY OF PETROBANGLA)**

নম্বর: ২৮.১২.০০০০.২১১.২৩.০০১.১৭/২৭৬

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮ / ১৩ এপ্রিল ২০২২

## অফিস আদেশ

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)-এর স্ক্র্যাপ/অব্যবহৃত মালামাল অকেজো ঘোষণাকরণ এবং তদানুযায়ী মালামাল ডিসপোজাল/নিলামে বিক্রয় সংক্রান্ত কার্যক্রমের জন্য বোর্ড কমিটি কর্তৃক চূড়ান্তকৃত "বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড-এর স্ক্র্যাপ মালামাল অকেজো ঘোষণা ও নিষ্পত্তি নীতিমালা-২০২২" (কপি সংযুক্ত) বিসিএমসিএল পরিচালনা পর্ষদের গত ০৭ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩৩৫ তম সভার অনুমোদনের আলোকে বিসিএমসিএল-এ প্রবর্তন করা হলো, যা বিধি মতে কার্যকর বলে গণ্য হবে।

কর্তৃপক্ষের অনুমোদনের আলোকে এ আদেশ জারী করা হলো।

১৩/০৪/২০২২

(মোহাম্মদ ছানা উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

**বিতরণ:**

১) মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড এক্সপ্লোরেশন), বিসিএমসিএল, দিনাজপুর।
২) মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন), বিসিএমসিএল, দিনাজপুর।
৩) মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), বিসিএমসিএল, দিনাজপুর।
৪) মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বিসিএমসিএল, দিনাজপুর।
৫) কোম্পানি সচিব, বিসিএমসিএল, দিনাজপুর।
৬) মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল, দিনাজপুর।
৭) উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস্) ও মার্কেটিং বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিসিএমসিএল, দিনাজপুর।

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১) উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, বিসিএমসিএল, দিনাজপুর।
২) অফিস কপি/মাস্টার ফাইল।

চৌহাটি, উপজেলাঃ পার্বতীপুর, জেলাঃ দিনাজপুর। ফোনঃ ০৫৩২৭-৫৬৩৮৯, ৫৬২০০, ফ্যাক্স ঃ ০৫৩২৭-৫৬২৯৯
লিয়াজোঁ অফিস ঃ পেট্রোসেন্টার (ফ্লোর-১৪), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫, ফোন ঃ ০২-৮১৮০১৯০-৯২
ফ্যাক্স ঃ ০২-৮১৮০১৯১, ওয়েবসাইট ঃ www.bcmcl.org.bd, ই-মেইল ঃ bcmclbd@gmail.com

CHOWHATI, UPAZILLA : PARBATIPUR, DIST. DINAJPUR. PHONE: 05327-56389, 56200, FAX : 05327-56299
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215.
Phone : 02-8180190-92, Fax : 02-8180191. Website : www.bcmcl.org.bd., E-mail : bcmclbd@gmail.com

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

## বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর স্ক্র্যাপ মালামাল অকেজো ঘোষণা ও নিষ্পত্তি নীতিমালা-২০২২

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

## সূচিপত্র :


| অনুচ্ছেদ | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১.০ | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন | ৩ |
| ২.০ | সংজ্ঞা | ৩ |
| ৩.০ | নীতিমালার উদ্দেশ্য | ৩ |
| ৪.০ | নীতিমালার পরিধি | ৩ |
| ৫.০ | অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির পরিকল্পনা | ৪ |
| ৬.০ | অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির প্রক্রিয়া | ৪ |
| ৭.০ | অকেজো ঘোষণাকরণ কমিটির কার্যাবলী | ৭ |
| ৮.০ | প্রাক-স্ক্র্যাপ চিহ্নিতকরণ কমিটি | ৮ |
| ৯.০ | যানবাহন অকেজো ঘোষণার নির্ণায়ক | ৯ |
| ১০.০ | কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়ক | ৯ |
| ১১.০ | আসবাবপত্র, অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়ক | ৯ |
| ১২.০ | মাইনিং এলাকার জন্য অধিগ্রহনকৃত স্থাবর/অস্থাবর সম্পদ অকেজো ঘোষণার নির্ণায়ক | ৯ |
| ১৩.০ | খনির কাজে অব্যবহৃত মালামাল অকেজো ঘোষণার নির্ণায়ক | ৯ |
| ১৪.০ | স্ক্র্যাপ মালামালের পরিমান ও মূল্য নির্ধারণের জন্য স্থায়ী কমিটি গঠন | ১০ |
| ১৫.০ | নিলাম কমিটি গঠন | ১০ |
| ১৬.০ | নিলাম আহ্বানের পদ্ধতি | ১১ |
| ১৭.০ | নিলাম আহ্বানের নিয়মাবলী | ১১ |
| ১৮.০ | মালামাল বিনষ্টকরণ কমিটি | ১২ |
| ১৯.০ | কমিটির সদস্যগণের সম্মানী | ১২ |




মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

## ১.০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :

১.১। এই নীতিমালা "বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) কর্তৃক স্ক্র্যাপ মালামাল অকেজো ঘোষণা ও নিষ্পত্তি নীতিমালা-২০২২" নামে অভিহিত হবে।

১.২। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের তারিখ হতে এটি কার্যকর হবে।

## ২.০ সংজ্ঞা-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নীতিমালায়:

"কোম্পানি" অর্থ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড বা বিসিএমসিএল।

"অকেজো ঘোষণা কমিটি" অর্থ মালামাল স্ক্র্যাপ ঘোষণা করার জন্য কোম্পানির নির্বাহী আদেশ দ্বারা গঠিত কমিটি।

"স্ক্র্যাপ" অর্থ অকেজো ঘোষণা কমিটি কর্তৃক নিলামে বিক্রয় অথবা বিনষ্টকরণের জন্য সুপারিশকৃত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যে কোন যন্ত্রপাতি/মালামাল।

"পরিচালনা পর্ষদ" অর্থ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এর পরিচালনা পর্ষদ।

"নিলামকারী কর্তৃপক্ষ" অর্থ চুক্তি সম্পাদনের অনুমোদনকারী কর্তৃপক্ষ তথা কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা।

## ৩.০ নীতিমালার উদ্দেশ্য:

(ক) বিসিএমসিএল এর সম্পদ (যানবাহন, আসবাবপত্র, যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, বৈদ্যুতিক যন্ত্রপাতি, কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল) ব্যবহার অনুপযোগী হওয়ার বিষয়ে নিশ্চিতকরণ;

(খ) অকেজো মালামাল দ্রুততম সময়ে নিষ্পত্তি করা;

(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের এ সংক্রান্ত বিষয়ে রিপোর্ট প্রদানের ক্ষেত্রে তাদের দায়িত্ববোধ ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;

(ঘ) নির্দিষ্ট মানদন্ড পূরণ সাপেক্ষে যে সকল মালামাল অকেজো ঘোষণা ও নিষ্পত্তির জন্য চিহ্নিত হবে তা নিষ্পত্তির পূর্বে সঠিক পরিকল্পনা ও অনুমোদন গ্রহণ করা;

(ঙ) কোন সম্পদ অকেজো ঘোষণা ও নিষ্পত্তির ক্ষেত্রে বিসিএমসিএল এর জন্য সর্বোচ্চ ফলপ্রসূ ব্যবস্থাই প্রধান বিবেচ্য বিষয় হিসেবে গণ্য করা;

(চ) অকেজো সম্পদ নিষ্পত্তির মাধ্যমে প্রয়োজন অনুপাতে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের সুযোগ সৃষ্টি করা।

(ছ) সুষ্ঠুভাবে মালামাল ব্যবহার ও মালামালের তথ্যাদি সংরক্ষণ করা।

## ৪.০ নীতিমালার পরিধি:

এ নীতিমালা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর যে কোন সম্পদ (ভূমি ও খনিজ সম্পদ ব্যতীত) অকেজো ঘোষাণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োগ করা হবে এবং বিসিএমসিএল এর প্রচলিত আইন ও বিধি-বিধানের সাথে সংগতি পূর্ণভাবে প্রতিপালনের নিশ্চয়তা প্রদান করবে।

নিম্নলিখিত মালামালসমূহ এই নীতিমালার অধীনে নিলামে বিক্রয় যোগ্য বলে গণ্য করা হবে:

(ক) ব্যবহার অনুপযোগী ও বাতিল সম্পত্তি যথা; যানবাহন, আসবাবপত্র, যন্ত্রপাতি, বৈদ্যুতিক যন্ত্রপাতি, কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, ফটোকপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার কুলার/কন্ডিশনার ও অন্যান্য মালামাল এই নীতিমালার অন্তর্ভুক্ত হবে।

(খ) অকেজো অথবা ব্যবহার অনুপযোগী লাইন পাইপ, ড্রিল পাইপ, কেসিং পাইপ, পাইপ বেন্ডস্, পাইপ ফিটিংস, সিপি ও পিগিং মালামালসহ পাইপ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামাল, ড্রিলিং বিট, কেমিক্যালস ইত্যাদি।



মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোং লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

(গ) দীর্ঘদিন ব্যবহারের ফলে অকেজো এবং দীর্ঘ সময় বা আয়ুষ্কাল অতিক্রমের ফলে অব্যবহারযোগ্য হয়ে যাওয়া সকল প্রকার যানবাহন/যন্ত্রপাতি/সরঞ্জামাদি/অকেজো রাবার/অকেজো তামার তার/লৌহজাত দ্রব্য/তামার ও লৌহজাত এর মিশ্রণ যার মেরামত অর্থনৈতিকভাবে অলাভজনক বা মেরামতের অযোগ্য।

(ঘ) অকেজো/ব্যবহার অনুপযোগী গাড়ির টায়ার-টিউব, ব্যাটারি, গাড়ির যন্ত্রাংশ ইত্যাদি।

(ঙ) খনি এলাকার অভ্যন্তরে/অধিগ্রহণকৃত এলাকায়/মাইনিং এলাকার জন্য অধিগ্রহণকৃত স্থাবর/অস্থাবর সম্পদ (গাছ-পালা, ঘর-বাড়ি, টিউবওয়েল ইত্যাদি) অকেজো/ব্যবহার অনুপযোগী ঘোষিত হলে।

(চ) পাঁচ (০৫) বা ততোধিক বছর ইস্যুবিহীন মালামালের মজুদ যা slow moving or dead items হিসাবে চিহ্নিত তা সংশ্লিষ্ট ব্যবহারকারী বিভাগের মতামত প্রাপ্তি সাপেক্ষে অকেজো ঘোষণা কমিটি কর্তৃক স্ক্র্যাপ ঘোষিত হলে।

(ছ) কয়লা উৎপাদন ও ভূ-গর্ভে নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার কর্তৃক আনীত ব্যবহৃত যন্ত্রপাতি এবং যন্ত্রাংশ অথবা লৌহ, তামা, রাবার জাতীয় মালামাল যা সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক পরিত্যক্ত বিবেচনায় অপসারণ করেনি এবং ঠিকাদার কর্তৃক নিয়ে যাওয়ার সম্ভাবনা নেই, কমিটি কর্তৃক নির্ধারিত এরূপ মালামাল।

(জ) সারফেসের পূর্ত বা অন্যান্য অবকাঠামো নির্মাণের সময় ঠিকাদার কর্তৃক আনীত লৌহজাত সামগ্রী বা যন্ত্রপাতি যা Warranty period এর সময়কাল অতিক্রম হয়ে যাওয়ার পরেও ঠিকাদার ফেরত নিয়ে যায় নাই এবং যা পরিত্যক্ত/অব্যবহৃত অবস্থায় আছে, কমিটি কর্তৃক নির্ধারিত এরূপ মালামাল।

(ঝ) কোম্পানির নির্ধারিত কমিটির মাধ্যমে অকেজো বা অব্যবহারযোগ্য যাচাইক্রমে যে কোন মালামাল।

## ৫.০ অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির পরিকল্পনা:

কোম্পানির ব্যবহার অযোগ্য বা মেরামত করে অলাভজনক বলে বিবেচিত মালামাল যা প্রাথমিক/প্রাক স্ক্র্যাপ কমিটির প্রত্যয়নের ভিত্তিতে সময় সময়ে কেন্দ্রীয় ভান্ডারে মালামাল জমা/ফেরত হবে। সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট এর মিনি ভান্ডারে যদি এ ধরণের কোন মালামাল থাকে তা বার্ষিক ভিত্তিতে/প্রয়োজন মোতাবেক সময়ে সময়ে কোম্পানির নির্ধারিত ছকে সংশ্লিষ্ট তথ্যসহ ভান্ডার ডিপার্টমেন্টে জমা প্রদান করবে। পরবর্তীতে ভান্ডার ডিপার্টমেন্ট অকেজো ঘোষণাকরণ/নিষ্পত্তির লক্ষ্যে মালামালের প্রাথমিক তালিকাসহ নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট অকেজো ঘোষাণাকরণ কমিটির নিকট পেশ করবে।

বিভিন্ন বিভাগ/ডিপার্টমেন্ট ব্যবহার অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক মালামালসমূহ চিহ্নিতকরণ ও মূল্যায়নের (Pricing) লক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে:

(ক) যে সকল সম্পদ/মালামাল চলতি বা পরবর্তী বছর সমূহে সেবা প্রদানে অযোগ্য বিবেচিত হবে।
(খ) যে সকল সম্পদ/মালামাল পরিচালনা বা রক্ষণাবেক্ষণ করা আর্থিকভাবে অলাভজনক বিবেচিত হবে।
(গ) প্রযুক্তিগত/কারিগরি কারণে যে সকল সম্পদ/মালামাল অপ্রচলিত বলে বিবেচিত হবে।
(ঘ) যে সকল সম্পদ/মালামাল মূল উদ্দেশ্য পূরণে আর ব্যবহৃত হবে না বা ব্যবহার করা যাবে না।
(ঙ) দীর্ঘদিন যাবৎ ভান্ডারে রক্ষিত থাকা অবস্থায় এর মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে বা কারিগরি কারণে ব্যবহার যোগ্য নহে, এরূপ মালামাল/যন্ত্রাংশ।

## ৬.০ অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির প্রক্রিয়া:

বিসিএমসিএল এর ব্যবহার অনুপযোগী সম্পদ যথা: যানবাহন, আসবাবপত্র, যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, বৈদ্যুতিক যন্ত্রপাতি, কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, পূর্ত কাঠামো ভান্ডারে সংরক্ষিত ও মাইনিং কাজে ব্যবহৃত বা ব্যবহারের উদ্দেশ্য আনীত অন্যান্য মালামালের তালিকা প্রস্তুতকরণ এবং খসড়া অনুমিত বিক্রয়মূল্য নির্ধারণের জন্য একাধিক অকেজো ঘোষণাকরণ কমিটি গঠন করবে।

### ৬.১ যানবাহন সংক্রান্ত অকেজো ঘোষণাকরণ কমিটি:

(ক) মহাব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা-------------------------------------------------------------------আহ্বায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক (অর্থ/হিসাব) পদের একজন কর্মকর্তা---------------------------------------------------সদস্য
(গ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের একজন প্রকৌশলী (যানবাহন মেরামত সংক্রান্ত কাজে অভিজ্ঞ/সংশ্লিষ্ট)--------সদস্য-সচিব
(ঘ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের এক জন কর্মকর্তা (স্টোর ডিপার্টমেন্ট)-------------------------------------সদস্য



মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

(ঙ) উপ-মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস)----------------------------------------------------------------------------------সদস্য
(চ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর একজন প্রতিনিধি-----------------------------------------------------সদস্য
(ছ) পেট্রোবাংলার একজন প্রতিনিধি-----------------------------------------------------------------------------------------------সদস্য

**৬.২ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি:**

(ক) মহাব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা-----------------------------------------------------------------------------------আহ্বায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক (অর্থ/হিসাব) পদের একজন কর্মকর্তা-------------------------------------------------------সদস্য
(গ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (আইসিটি ডিপার্টমেন্ট)-------------------সদস্য-সচিব
(ঘ) ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (স্টোর ডিপার্টমেন্ট)----------------------------------------------সদস্য
(ঙ) ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (জেনারেল সার্ভিস ডিপার্টমেন্ট)------------------------------সদস্য

**৬.৩ আসবাবপত্র, অফিস সরঞ্জাম, বৈদ্যুতিক মালামাল ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি:**

(ক) মহাব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা-----------------------------------------------------------------------------------আহ্বায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক (অর্থ/হিসাব) পদের একজন কর্মকর্তা-- ---------------------------------------------------সদস্য
(গ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (মার্কেটিং ডিপার্টমেন্ট)----------------------------------------সদস্য
(ঘ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (স্টোর ডিপার্টমেন্ট)----------------------------------------------সদস্য
(ঙ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (জেনারেল সার্ভিস ডিপার্টমেন্ট) প্রযোজ্যতা অনুযায়ী-------সদস্য-সচিব*
(চ) ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (তড়িৎ শাখা) প্রযোজ্যতা অনুযায়ী--------------------------------------------------সদস্য-সচিব*

* আসবাবপত্র ও অফিস সরঞ্জামের জন্য জেনারেল সার্ভিস ডিপার্টমেন্টের কর্মকর্তা সদস্য-সচিব এবং বৈদ্যুতিক মালামাল ও অন্যান্য যন্ত্রপাতির জন্য তড়িৎ শাখার কর্মকর্তা সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

**৬.৪ মাইনিং এলাকার জন্য অধিগ্রহণকৃত স্থাবর/অস্থাবর সম্পদ (গাছ-পালা, ঘর-বাড়ি, টিউবওয়েল, পূর্ত কাঠামো ইত্যাদি) এবং সারফেসের পূর্ত বা অন্যান্য অবকাঠামো নির্মাণের সময় ঠিকাদার কর্তৃক আনীত লৌহজাত সামগ্রী বা যন্ত্রপাতি যা Warranty period এর সময়কাল অতিক্রম হয়ে যাওয়ার পরেও ঠিকাদার ফেরত নিয়ে যায় নাই এবং যা পরিত্যক্ত/অব্যবহৃত অবস্থায় আছে এমন যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামাল অকেজো ঘোষণাকরণ কমিটি:**

(ক) মহাব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা-----------------------------------------------------------------------------------আহ্বায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক (অর্থ/হিসাব) পদের একজন কর্মকর্তা-------------------------------------------------------সদস্য
(গ) উপ-মহাব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (সিভিল ডিপার্টমেন্ট)-------------------------------------------------------------সদস্য
(ঘ) ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (স্টোর ডিপার্টমেন্ট)----------------------------------------------সদস্য
(ঙ) ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (ডিজাইন কনস্ট্রাকশন এন্ড মেইনটেনান্স) প্রযোজ্যতা অনুযায়ী -------------সদস্য-সচিব*
(চ) ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (এস্টেট, ল এন্ড শেয়ার) প্রযোজ্যতা অনুযায়ী --------------সদস্য-সচিব*
(ছ) ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা (জেনারেল সার্ভিসেস) ---------------------------------------------------------------সদস্য

* ঘর-বাড়ি, টিউবওয়েল, পূর্ত কাঠামো ইত্যাদির জন্য ডিজাইন কনস্ট্রাকশন এন্ড মেইনটেনান্স শাখার কর্মকর্তা সদস্য-সচিব এবং গাছ-পালা ও অন্যান্য ক্ষেত্রে এস্টেট, ল এন্ড শেয়ার শাখার কর্মকর্তা সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

**৬.৫ কয়লা উৎপাদন ও উন্নয়ন কাজে ব্যবহৃত এবং মেরামত বা পুনরায় ব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামাল অকেজো ঘোষণাকরণ কমিটি :**

(ক) মহাব্যবস্থাপক (মাইন অপারেশন)----------------------------------------------------------------------------------------আহ্বায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক (স্টোর)-------------------------------------------------------------------------------------------------সদস্য
(গ) উপ-মহাব্যবস্থাপক (অর্থ/হিসাব)--------------------------------------------------------------------------------------------সদস্য



২৩/০৩/২০২২

২৩/০৪/২০২২
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

২৩/৪/২০২২
প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

(ঘ) উপ-মহাব্যবস্থাপক (মাইন প্রোডাকশন এন্ড ডেভেলপমেন্ট)---------------------------------------------------সদস্য
(ঙ) উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রো-মেকানিক্যাল)----------------------------------------------------------------সদস্য
(চ) উপ-মহাব্যবস্থাপক (কারিগরি ক্যাডার), এমজিএমসিএল---------------------------------------------------- সদস্য
(ছ) ব্যবস্থাপক (ইনভেন্টরি)-----------------------------------------------------------------------------------সদস্য-সচিব

৬.৬ অপ্রচলিত (Obsolete) মালামাল অকেজো ঘোষণাকরণ কমিটি:

খনির ভূগর্ভস্থ উন্নয়ন ও কয়লা উৎপাদন কাজে অথবা সারফেসের বিভিন্ন স্থাপনায় ব্যবহারের জন্য আন্তর্জাতিক/দেশীয় ঠিকাদার কর্তৃক আনীত বিভিন্ন যন্ত্রপাতি ও মালামালসমূহ প্রয়োজন অনুযায়ী ব্যবহারের পর অবশিষ্ট মালামাল কারিগরি কারণে Obsolete/অকেজো/অব্যবহারযোগ্য হয়ে যাওয়ায় যদি বিগত ০৭ (সাত) বছর বা এর অধিক সময় যাবত অব্যবহৃত অবস্থায় থাকে, সে সকল মালামাল অপ্রচলিত (Obsolete) মালামাল হিসেবে পরিগনিত হবে। এ সব মালামাল অকেজো ঘোষনাকরণ কমিটি :

(ক) সংশ্লিষ্ট বিভাগের মহাব্যবস্থাপক-------------------------------------------------------------------------আহবায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক (এমএন্ডসিএম) ------------------------------------------------------------------সদস্য।
(গ) উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রো-মেকানিক্যাল)--------------------------------------------------------------সদস্য।
(ঘ) উপ-মহাব্যবস্থাপক (স্টোর)----------------------------------------------------------------------------সদস্য।
(ঙ) উপ-মহাব্যবস্থাপক (হিসাব)----------------------------------------------------------------------------সদস্য।
(চ) উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের এক জন কর্মকর্তা (কারিগরি ক্যাডার), MGMCL---------------------সদস্য।
মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(ছ) ব্যবস্থাপক (ইনভেন্টরি)----------------------------------------------------------------------------------সদস্য-সচিব।

৬.৭ কোম্পানি কর্তৃপক্ষ এতদ্‌সংক্রান্ত বিভিন্ন কমিটি গঠন করবে এবং প্রয়োজনে কর্তৃপক্ষ যে কোন কর্মকর্তা বা বহিঃসদস্যকে কো-অপ্ট করতে পারবে। এছাড়াও উল্লিখিত অকেজো ঘোষণাকরণ কমিটি ব্যতিত সংশ্লিষ্ট বিভাগ বা ডিপার্টমেন্ট কর্তৃক অকেজো/ব্যবহার অনুপযোগী গাড়ির টায়ার, টিউব, ব্যাটারি, গাড়ির যন্ত্রাংশ ও লুব্রিক্যান্টস সংশ্লিষ্ট বিভাগ বা ডিপার্টমেন্ট/সরাসরি অকেজো ঘোষণাকরণ সাপেক্ষে ভান্ডারে জমা প্রদান করবে।

৬.৮ কমিটি কাজের প্রকৃতির ভিন্নতায় নিম্নরুপভাবে কাজ করবে;

৬.৮.১ যানবাহন অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের একজন প্রকৌশলী (যানবাহন মেরামত সংক্রান্ত কাজে অভিজ্ঞ/ সংশ্লিষ্ট প্রতিনিধি) ও বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৬.৮.২ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় প্রতিনিধিত্বকারী উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তার (আইসিটি ডিপার্টমেন্ট) উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৬.৮.৩ আসবাবপত্র, যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, বৈদ্যুতিক যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় প্রতিনিধিত্বকারী জেনারেল সার্ভিসেস ডিপার্টমেন্টের উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তা ও প্রযোজ্য ক্ষেত্রে ইলেকট্রো-মেকানিক্যাল ডিপার্টমেন্টের এক জন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৬.৮.৪ দালান কোঠা, গাছ পালা অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় প্রতিনিধিত্বকারী ব্যবস্থাপক পদের একজন কর্মকর্তার (সিভিল ডিপার্টমেন্ট/এস্টেট, ল এন্ড শেয়ার শাখার) উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৬.৮.৫ খনির কাজে ব্যবহৃত এবং মেরামত বা পুনঃব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামাল অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় অপারেশন ও মেইনটেনেন্স শাখার প্রতিনিধিত্বকারী উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পদের কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।



মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

## ৭.০ অকেজো ঘোষণাকরণ কমিটির কার্যাবলী:

৭.১ বিসিএমসিএল হতে ব্যবহার অনুপযোগী সম্পত্তি যথা: যানবাহন, আসবাবপত্র, যন্ত্রপাতি, বৈদ্যুতিক যন্ত্রপাতি, কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম যেমনঃ ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার কুলার/কন্ডিশনার, বৈদ্যুতিক যন্ত্রপাতি, মাইনিং এলাকার জন্য অধিগ্রহণকৃত স্থাবর/অস্থাবর সম্পদ (গাছ-পালা, ঘর-বাড়ি, টিউবওয়েল ইত্যাদি), খনির কাজে ব্যবহৃত এবং মেরামত বা পুনঃব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামাল মালামালের তালিকা পাওয়ার পরে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য-সচিব আহ্বায়কের সাথে আলোচনা ক্রমে কমিটির সভা আহ্বান করবে এবং সভার সিদ্ধান্তের আলোকে তালিকায় লিপিবদ্ধ সম্পত্তি সরেজমিনে পরিদর্শন করবে। সরেজমিনে পরিদর্শনপূর্বক কমিটি ব্যবহার অনুপযোগী সম্পত্তি যথা: যানবাহন, আসবাবপত্র, যন্ত্রপাতি, বৈদ্যুতিক যন্ত্রপাতি, কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম যেমনঃ ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার কুলার/কন্ডিশনার, বৈদ্যুতিক যন্ত্রপাতি, মাইনিং এলাকার জন্য অধিগ্রহণকৃত স্থাবর/অস্থাবর সম্পদ (গাছ-পালা, ঘর-বাড়ি, টিউবওয়েল ইত্যাদি), খনির কাজে ব্যবহৃত এবং মেরামত বা পুনঃব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামালের তালিকা তৈরি ও শ্রেণীকরণ ও অবশিষ্ট মূল্য/পুস্তকমূল্য (Book Value) অর্থ ও হিসাব বিভাগ হতে সংগ্রহ করবে এবং যদি কোন সম্পত্তির অবশিষ্ট মূল্য/পুস্তকমূল্য (Book Value) না থাকে তবে অব্যবহার্য হিসেবে এর সম্ভাব্য বিক্রয় মূল্য ঘোষণা করবে ।

৭.১.১ যানবাহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি বিসিএমসিএল এর সার্ভিস ডিপার্টমেন্ট হতে ব্যবহার অনুপযোগী যানবাহনের তথ্য পরিশিষ্ট ক-/১ (সার্ভিস ডিপার্টমেন্ট কর্তৃক পূরনকৃত) অনুযায়ী নির্ধারিত ছকে পাওয়ার পর সংশ্লিষ্ট যানবাহন সরেজমিনে পরিদর্শনপূর্বক যানবাহন মেরামতের অযোগ্য হলে বা মেরামত করে ব্যবহার অলাভজনক বিবেচিত হলে সে মর্মে পরিশিষ্ট-ক/২ (কমিটি কর্তৃক পূরনকৃত) এর নির্ধারিত ছকে মন্তব্য পেশ করবে।

৭.১.২ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি কোম্পানির আইসিটি ডিপার্টমেন্ট হতে ব্যবহার অনুপযোগী মালামালের তালিকা পরিশিষ্ট-খ/১ (আইসিটি ডিপার্টমেন্ট কর্তৃক পূরনকৃত) অনুযায়ী নির্ধারিত ছকে পাওয়ার পর সংশ্লিষ্ট মালামাল সরেজমিনে পরিদর্শন করে পরিশিষ্ট-খ/২ (কমিটি কর্তৃক পূরনকৃত) এর নির্ধারিত ছকে মন্তব্য পেশ করবে।

৭.১.৩ আসবাবপত্র, অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতির ক্ষেত্রে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি কোম্পানির সার্ভিস ডিপার্টমেন্ট হতে ব্যবহার অনুপযোগী মালামালের তালিকা পরিশিষ্ট-গ/১ (সার্ভিস ডিপার্টমেন্ট কর্তৃক পূরনকৃত) অনুযায়ী নির্ধারিত ছকে পাওয়ার পর সংশ্লিষ্ট মালামাল সরেজমিনে পরিদর্শন করে পরিশিষ্ট গ/২ (কমিটি কর্তৃক পূরনকৃত) এর নির্ধারিত ছকে মন্তব্য পেশ করবে।

৭.১.৪ মাইনিং এলাকার জন্য অধিগ্রহণকৃত স্থাবর/অস্থাবর সম্পদ (গাছ-পালা, ঘর-বাড়ি, টিউবওয়েল ইত্যাদি) সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি কোম্পানির এস্টেট, ল' এন্ড শেয়ার ডিপার্টমেন্ট হতে ব্যবহার অনুপযোগী মালামালের তালিকা পরিশিষ্ট-ঘ/১ (এস্টেট, ল' এন্ড শেয়ার ডিপার্টমেন্ট কর্তৃক পূরনকৃত) অনুযায়ী নির্ধারিত ছকে পাওয়ার পর সংশ্লিষ্ট মালামাল সরেজমিনে পরিদর্শন করে পরিশিষ্ট ঘ/২ (কমিটি কর্তৃক পূরনকৃত) এর নির্ধারিত ছকে মন্তব্য পেশ করবে।

৭.১.৫ খনির কাজে ব্যবহৃত এবং মেরামত বা পুনঃব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামাল অকেজো ঘোষণাকরণ কমিটি কোম্পানির মাইন অপারেশন বিভাগ হতে ব্যবহার অনুপযোগী মালামালের তালিকা পরিশিষ্ট-ঙ/১ (মাইন অপারেশন বিভাগ কর্তৃক পূরনকৃত) অনুযায়ী নির্ধারিত ছকে পাওয়ার পর সংশ্লিষ্ট মালামাল সরেজমিনে পরিদর্শন করে পরিশিষ্ট ঙ/২ (কমিটি কর্তৃক পূরনকৃত) এর নির্ধারিত ছকে মন্তব্য পেশ করবে।

৭.১.৬ যুক্তিসঙ্গত কারণে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি উপস্থাপিত সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারণ করতে পারবে।

৭.২ অকেজো ঘোষণাকরণ কমিটি সুষ্ঠুভাবে কার্য সম্পাদনের নিমিত্ত প্রয়োজনবোধে এক বা একাধিক কর্মকর্তাকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করে অন্তর্ভুক্ত করতে পারবে।

৭.৩ অকেজো ঘোষণাকরণ কমিটি তাদের মেধা, প্রজ্ঞা ও বিচার-বুদ্ধি প্রয়োগ করে নিলামকৃত মালামালের তালিকা নির্ধারণ করবে।



মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

৭.৪ অকেজো ঘোষণাকরণ কমিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিলামকৃত মালামালের তালিকাসহ অকেজো মালামাল হিসেবে ভান্ডারে জমা প্রদান করবে। ভান্ডার ডিপার্টমেন্ট অকেজো মালামাল সংরক্ষণ করবে।

৭.৫ অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক অকেজো সম্পত্তির চূড়ান্ত তালিকাসহ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অনুর্দ্ধ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কোম্পানির স্থায়ী কমিটির আহ্বায়ক বরাবর প্রেরণ করবে।

## ৮.০ প্রাক-স্ক্র্যাপ চিহ্নিতকরণ কমিটি:

দৈনন্দিন কার্যক্রমে ব্যবহৃত অফিস আসবাবপত্র, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ফটোকপি মেশিন, টেলিফোন ও ইন্টারকম সেট ইত্যাদি সামগ্রী ব্যবহারকারীর নিকট নষ্ট/অকেজো/ব্যবহার অনুপযোগী বলে প্রতীয়মান হলে, তাৎক্ষণিকভাবে তা মেরামতের/পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক সেগুলি মেরামত করে ব্যবহার উপযোগী করার জন্য উদ্যোগ গ্রহণ করবে। মেরামত করে ব্যবহার উপযোগী করা সম্ভব না হলে, সংশ্লিষ্ট মেরামতকারী ডিপার্টমেন্টের সুপারিশক্রমে প্রাথমিকভাবে অকেজো/অব্যবহারযোগ্য হিসেবে ভাণ্ডার শাখায় জমা প্রদান করার জন্য নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে:

| ক্রমিক নং | মূখ্য কর্মকর্তার পদবি | বিকল্প কর্মকর্তার পদবি | কমিটির পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি/ইলেকট্র মেকানিক্যাল) | উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) | সদস্য | |
| ২। | উপ-মহাব্যবস্থাপক (হিসাব) | উপ-মহাব্যবস্থাপক (অর্থ) | সদস্য | |
| ৩। | ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল) | ব্যবস্থাপক (মেকানিক্যাল) | সদস্য | |
| ৪। | ব্যবস্থাপক(মেইন্ট্যানেন্স এন্ড অপারেশন) | ব্যবস্থাপক(সেফটি ম্যানেজমেন্ট) | সদস্য | |
| ৫। | ব্যবস্থাপক (প্রশাসন) | ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) | সদস্য | |
| ৬। | উপ-ব্যবস্থাপক (আইসিটি এন্ড টিসি) | সহকারী ব্যবস্থাপক (আইসিটি এন্ড টিসি) | সদস্য-সচিব | আইসিটি সামগ্রীর জন্য |
| ৭। | উপ-ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল) | সহকারী ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল) | সদস্য-সচিব | ইলেকট্রো-মেকানিক্যাল সামগ্রীর জন্য |
| ৮। | উপ-ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) | সহকারী ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) | সদস্য-সচিব | আসবাবপত্র, অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতির জন্য |
| কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তা আহবায়কের দায়িত্ব পালন করবেন। সাধারণভাবে কমিটির দায়িত্ব পালনের ক্ষেত্রে মূখ্য কর্মকর্তার ছুটিকালীন অনুপস্থিতি/অবর্তমানে সংশ্লিষ্ট বিকল্প কর্মকর্তা প্রতিস্থাপিত হিসাবে কমিটির দায়িত্ব পালন করবেন। তবে রিপোর্ট প্রস্তুতকালীন সময়ের মধ্যে মূখ্য কর্মকর্তা উপস্থিত হলে তিনিই দায়িত্ব পালন করবেন। | | | | |

এছাড়া, বৈদেশিক ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক চুক্তির আওতায় আমদানীকৃত মাইনিং সংশ্লিষ্ট সকল মালামাল ভান্ডার ভুক্তির পূর্ব পর্যন্ত মাইন অপারেশন বিভাগের অধীন কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এর নিয়ন্ত্রণাধীন থাকবে। এছাড়া বৈদেশিক ঠিকাদার কর্তৃক আন্ডারগ্রাউন্ডে ব্যবহৃত সচল/অসচল মালামালের মধ্যে যেগুলো সারফেসে ফেরত নিয়ে আসা হয়, তন্মধ্যে যে সকল মালামাল অচল হিসেবে বিবেচিত হবে তা অকেজো ঘোষনা করণের লক্ষ্যে গঠিত প্রাক স্ক্র্যাপ কমিটি :

(ক) মহাব্যবস্থাপক ( মাইন অপারেশন)----------------------------------আহ্বায়ক
(খ) উপ-মহাব্যবস্থাপক (এম এন্ড সিএম)--------------------------------সদস্য
(গ) উপ-মহাব্যবস্থাপক (স্টোর)---------------------------------------- সদস্য
(ঘ) উপ-মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস)------------------------- সদস্য
(ঙ) উপ-মহাব্যবস্থাপক ( প্রকিউরমেন্ট)---------------------------------সদস্য
(চ) উপ-মহাব্যবস্থাপক (অর্থ)----------------------------------------------সদস্য
(ছ) ব্যবস্থাপক (ইনভেন্টরি)----------------------------------------------সদস্য-সচিব



মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

## ৯.০ যানবাহন অকেজো ঘোষণার নির্ণায়ক:

৯.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে ব্যবহার অলাভজনক হয়ে পড়েছে এরুপ যানবাহন।

৯.২ বাজারে সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এমন যন্ত্রাংশ যা পরিবর্তনের প্রয়োজন আছে এরুপ যানবাহন।

৯.৩ মেরামত করে ব্যবহার উপযোগী করতে যে সমস্ত যানবাহনের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরুপ যানবাহন।

৯.৪ দুই এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরুপ যানবাহন।

৯.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ যানবাহনের কাঠামো দুমড়ে/মুচড়ে গিয়েছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরুপ যানবাহন।

## ১০.০ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়ক:

১০.১ ঘন ঘন ক্রটি দেখা দিচ্ছে এসব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, যা বার বার মেরামত করে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে।

১০.২ যে কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, কিন্তু মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুন উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এরুপ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.৩ মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ক্রটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরুপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরুপ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে অথবা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটেছে এরুপ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.৫ হার্ডওয়ার এর গোলযোগের কারণে বারবার ক্রটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোন ভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হচ্ছে না এরুপ কম্পিউটার বা কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

## ১১.০ আসবাবপত্র, অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়ক:

১১.১ ব্যবহার অনুপযোগী মালামাল।

১১.২ মেরামত ব্যয় যদি নতুন ক্রয়ের ক্ষেত্রে বাজার মূল্যের ৫০% এর অধিক হয় এরুপ অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি।

১১.৩ সংশ্লিষ্ট অফিস সরঞ্জামাদি পুরাতন মডেলের হওয়ায় এর প্রয়োজনীয় পার্টস সহজলভ্য নয় এবং মূল্য অনেক বেশী।

১১.৪ বাজারে সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এমন যন্ত্রাংশ, যা পরিবর্তনের প্রয়োজন আছে এরুপ অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি।

## ১২.০ মাইনিং এলাকার জন্য অধিগ্রহণকৃত স্থাবর/অস্থাবর সম্পদ (গাছ-পালা, ঘর-বাড়ি, টিউবওয়েল ইত্যাদি) অকেজো ঘোষণার নির্ণায়ক:

১২.১ ব্যবহার অনুপযোগী মালামাল।

১২.২ নিরাপত্তার কারণে ও খনির সার্বিক স্বার্থে যে সকল স্থাপনা বা গাছপালা ও অন্যান্য যন্ত্রপাতি অপসারণ করতে হবে।

১২.৩ পরিবেশ দূষণ বা স্বাভাবিক পরিবেশের মান উন্নয়ন বা খনির সার্বিক স্বার্থে গাছপালা নিধন করতে হবে।

## ১৩.০ খনির কাজে এবং মেরামত বা পুনরায় ব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং সংশ্লিষ্ট মালামাল অকেজো ঘোষণার নির্ণায়ক:

১৩.১ ব্যবহার অনুপযোগী মালামাল।

১৩.২ মেরামত ব্যয় যদি নতুন ক্রয়ের ক্ষেত্রে বাজার মূল্যের ৫০% এর অধিক হয় এরুপ যন্ত্রাংশ ও অন্যান্য যন্ত্রপাতি।

১৩.৩ দীর্ঘদিন পরিত্যাক্ত অবস্থায় থাকায় গুণগত মান নষ্ট হয়েছে এ ধরণের মালামাল।

১৩.৪ অকেজো, অলাভজনক, মেরামত বা পুনঃব্যবহার অনুপযোগী মালামাল ইত্যাদি।

১৩.৫ প্রযুক্তিগত কারণে Obsolete হয়েছে এ ধরণের মালামাল।



মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

প্রকৌ. মোঃ কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

## ১৪.০ স্ক্র্যাপ মালামালের পরিমান ও মূল্য নির্ধারণের জন্য স্থায়ী কমিটি গঠন:

